শিবপুর হানাদার মুক্ত দিবস উপলক্ষে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা

নরসিংদী – ৮ ডিসেম্বর শিবপুর উপজেলা হানাদার মুক্ত দিবস উপলক্ষে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনার আয়োজন করেছেন ” আমরা মুক্তিযোদ্ধা সন্তান” ।
রবিবার (০৮ ডিসেম্বর) সকালে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের হল রুমে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে দিবসটি উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।
” আমরা মুক্তিযোদ্ধা সন্তান ” শিবপুর উপজেলা শাখার সভাপতি আমিনুর হক রিন্টু’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপি সদস্য সচিব মনজুর এলাহী ।
এসময় আরো বক্তব্য রাখেন, নরসিংদী জেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা তোফাজ্জল হোসেন মাষ্টার, উপজেলা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবু হারিছ রিকাবদার, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আবু সালেহ রিকাবদার, সাবেক জেলা কমান্ডার আবদুল রশিদ মোল্লা, বীর মুক্তিযোদ্ধা হারুনুর রশিদ মৃধা ও বীর মুক্তিযোদ্ধার মহরম মজনু মৃধার সন্তান আজমল হুদা মৃধা মিঠু প্রমুখ।
বক্তারা বলেন, ১৯৭১ সালের ডিসেম্বরে তৎকালীন শিবপুর থানার ‘পুটিয়া’র যুদ্ধই ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সফল মুক্তিযুদ্ধ । এটাই ছিলো পাক হানাদার বাহিনীর সাথে মুক্তিযোদ্ধাদের সম্মুখ যুদ্ধ। সেই যুদ্ধে মজনু মৃধার নেতৃত্বে ক্যাম্পে চুর্তুমুখী আক্রমন চালায় মুক্তিযোদ্ধারা । প্রচন্ড গোলাগুলির পর মুক্তিযোদ্ধারা দখল করে নেয় পাকবাহিনীর ক্যাম্প। ৮ ডিসেম্বর পাকহানাদার বাহিনী নরসিংদীর অভিমুখে পালিয়ে যায় এবং ওইদিনে হানামুক্ত হয় শিবপুর । এ উপলক্ষে শিবপুরে পালিত হয় পাক হানাদারমুক্ত দিবস।